**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 13/12/2025** **Time: 1:30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ সংসদে জঙ্গি হামলার ২৪-তম বার্ষিকীতে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে।

২/ দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করতে ত্রিদেশীয় সফরের প্রথম পর্যায়ে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার জর্ডন যাচ্ছেন।

৩/ মানবিক ত্রাণ সহায়তা হিসেবে ভারত, পেরুকে ২৫ লক্ষ স্যালাইন বোতল দিয়েছে।

৪/ SIR-এ পশ্চিমবঙ্গের প্রায় ১০০ শতাংশ ভোটারের যাবতীয় তথ্য পাওয়া গেলেও, ৫৮ লক্ষের ও বেশি এন্যুমারেশন ফর্ম জমা পড়েনি।

৫/ বিশ্ব ফুটবলের মহাতারকা লিওনেল মেসিকে এক ঝলক দেখাকে কেন্দ্র করে যুব ভারতী ক্রীড়াঙ্গনে তুমুল বিশৃঙ্খলা।

৬/ বিশ্বকাপ স্কোয়াশের সেমিফাইনালে ভারত আজ মিশরের মুখোমুখি হবে।

*****************************************************************

২০০১ সালে ১৩ ডিসেম্বর সংসদে সন্ত্রাসবাদী হামলায় নিহত নিরাপত্তারক্ষী ও অন্যান্য ব্যক্তিদের উদ্দেশে আজ গোটা জাতি শ্রদ্ধাজ্ঞাপন করছে।

সমাজমাধ্যমের এক বার্তায় তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, দেশের প্রতি তাঁদের অবদান, আত্মত্যাগের প্রতি সমগ্র জাতি কৃতজ্ঞ। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইয়ের কথাও তুলে ধরেন শ্রীমতী মুর্মু।

উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল, জিতেন্দ্র সিং, কিরেন রিজিজু, অর্জুন রাম মেঘওয়াল সংসদ ভবনে শহীদদের উদ্দেশে ফুলের মালা দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করেন। এই অনুষ্ঠানে বিরোধী দলনেতা রাহুল গান্ধী, বরিষ্ঠ কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী সহ অন্যান্য সাংসদরাও উপস্থিত ছিলেন।

*****************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান ২০০১-এ সংসদে সন্ত্রাসবাদী হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী শাহ নিহত নিরাপত্তারক্ষীদের শৌর্য, বীরত্বের কথা তুলে ধরেন। তিনি বলেন, এই অবদানের জন্য সারাদেশ তাঁদের প্রতি কৃতজ্ঞ থাকবে।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন, তাঁদের সাহস, সর্বোচ্চ ত্যাগ ও কর্তব্যের প্রতি অবিচল নিষ্ঠা গোটা দেশের চেতনায় উজ্জীবিত থাকবে ও ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেন, তাঁদের এই ত্যাগ সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় অবস্থানের পরিচয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রী ডঃ এল মুরুগান বলেছেন, নিহতদের আত্মত্যাগ দেশের গণতন্ত্র ও সার্বভৌমত্বকেই তুলে ধরে।

*****************************************************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৭-এর জনগণনার জন্য ১১ হাজার ৭১৮ কোটি টাকার বাজেট বরাদ্দ অনুমোদন করেছে। নতুন দিল্লিতে তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানান, দুটি পর্বের এই জনগণনা হবে। ২০২৭-এর জনগণনা এযাবৎ ষোড়শ এবং স্বাধীনতার পর অষ্টমবার করা হচ্ছে। ভারতের জনগণনাকে বিশ্বের মধ্যে সর্ববৃহৎ প্রশাসনিক এবং পরিসংখ্যানগত কর্মসূচী বলে বিবেচনা করা হয়। এই জনগণনায় জাতিভিত্তিক গণনাও অন্তর্ভুক্ত থাকবে। শ্রী বৈষ্ণো বলেন, এই প্রথম জনগণনা, ডিজিট্যালি আয়োজন করা হবে। মোবাইলের মাধ্যমে আপলোড করা হবে সংগৃহীত তথ্য।

মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আরও জানিয়েছেন, মন্ত্রিসভার অর্থ বিষয়ক কমিটি, কোল লিংকেজ নীতি কোলসেতুর ,সংস্কার অনুমোদন করেছে। শিল্পে দীর্ঘমেয়াদী ব্যবহারের জন্য কয়লা ক্ষেত্রে নিলাম এবং রপ্তানির জন্য পৃথক জানালা, কোলসেতু নামে চালু করা হবে। ২০১৬ সালের নন রেগুলেটেড সেক্টর লিংকেজ অপশন পলিসিতে বলা হয়েছিল , দেশীয় প্রয়োজনে ও যেকোনো ব্যক্তি এই লিংকেজ নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

এছাড়াও মন্ত্রিসভার অর্থ বিষয়ক কমিটি, ২০২৬ মরশুমে, নারকেলের ছোবড়ার জন্য ন্যুনতম সহায়ক মূল্য ঘোষণা করেছে। কারখানায় ব্যবহৃত নারকেলের ছোরড়ার জন্য ন্যূনতম সহায়ক মূল্যে কুইন্টাল প্রতি ৪৪৫ টাকা

বাড়িয়ে ১২ হাজার ৫০০ টাকা করে করা হয়েছে। কৃষকদের উৎপাদিত শস্যের সঠিক মূল্য দিতে সরকার ২০১৮ - ১৯ এর সাধারন বাজেটে নির্দিষ্ট শস্য গুলির ন্যূনতম সহায়ক মূল্য, গড় উৎপাদন মূল্যের কমপক্ষে দেড়গুন দেওয়ার কথা ঘোষণা করেছিল।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন কেন্দ্রীয় মন্ত্রিসভার কোল সেতু নীতির অনুমোদন দেশের শক্তি নিরাপত্তা ও বিকাশ ত্বরান্বিত করতে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গতকাল এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদী বলেন, কোল সেতু নীতি এক নতুন জানালা খুলে দেবে যার সাহায্যে কয়লার নিরবিচ্ছিন্ন , দক্ষ ও স্বচ্ছতার সঙ্গে ব্যবহার সম্ভব হবে। তিনি বলেন সহজে ব্যবসায়ের সঙ্গে দেশের অভ্যন্তরে যোগান ও বিদেশ থেকে আনা কয়লার ওপর নির্ভরতা কমবে।

অন্য একটি পোস্টে প্রধানমন্ত্রী বলেন কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২৬ সালের জন্য নারকেল ছোবড়ার ন্যূনতম সহায়ক মুল্য বৃদ্ধির ফলে শুধুমাত্র কৃষকদের উপার্জনই বাড়বে না, নারকেল ছোবড়ার উৎপাদনও বৃদ্ধি পাবে। সরকার দেশের কৃষকদের জীবনযাত্রার মান উন্নত করতে দায়বদ্ধ বলে তিনি মন্তব্য করেন।

****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার ১৫ই ডিসেম্বর, জর্ডন, ইথিওপিয়া ও ওমান সফরে নতুন দিল্লি থেকে রওনা হবেন। বিদেশ সচিব ডঃ নিনা মালহোত্র গতকাল নতুন দিল্লীতে সাংবাদিকদের জানান, জরডনের রাজা দ্বিতীয় আবদাল্লাহ-বিন- আল- হুসেইনের আমন্ত্রণে ১৫ ও ১৬ ই ডিসেম্বর প্রধানমন্ত্রী জর্ডন সফর করবেন। ভারত -জর্ডন কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর উপলক্ষ্যে শ্রী মোদীর এই প্রথম সে দেশ সফর।

সফরের দ্বিতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী ১৬ ও ১৭ ই ডিসেম্বর ইথিওপিয়া যাবেন। ইথিওপিয়ার প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলীর সঙ্গে একক ও প্রতিনিধি পর্যায়ে বৈঠক হবে। তৃতীয় পর্যায়ে মোদী যাবেন ওমানে। তাঁর সঙ্গে এক উচ্চস্তরীয় প্রতিনিধি দলও থাকবেন।

****************************************************************************

পেরুর ডিহাইড্রেশন আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য ভারত 25 লক্ষ স্যালাইন বোতল দিয়েছে । পেরুর ভারতীয় রাষ্ট্রদূত বিশ্বাস সাপকাল প্রায় 32 টন মানবিক ত্রাণ সামগ্রী আনুষ্ঠানিক ভাবে পেরুর স্বাস্থ্য মন্ত্রককে দিয়েছেন । উন্নয়নের বিশ্বস্ত অংশীদার দেশ হিসেবে ভারত ও পেরুর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক এই গোটা প্রক্রিয়ায় আরও জোরদার হচ্ছে ।

****************************************************************************

১৫ই ডিসেম্বর থেকে বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একইসঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পোঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর এনিউমারেশন পর্বের শেষে ৫৮ লক্ষের বেশি ফর্ম অসংগ্রহযোগ্য বা আন-কালেক্টেবল হিসেবে চিহ্নিত করা হয়েছে। গতকাল দুপুর ১২টা পর্যন্ত রাজ্য জুড়ে ৫৮ লক্ষ ১৭ হাজার ৮৫১টি এনিউমারেশন ফর্ম অসংগ্রহযোগ্য হিসেবে চিহ্নিত হয়েছে। কমিশনের নির্দেশ অনুযায়ী এই সমস্ত ভোটারের নাম খসড়া ভোটার তালিকা থেকে প্রাথমিকভাবে বাদ যাবে। নির্বাচন কমিশন জানিয়েছে, SIR পর্বে এখনো পর্যন্ত ৯২ দশমিক ৪/১ শতাংশ ভোটারের এনিউমারেশন ফর্ম ডিজিটাইজ হয়েছে। তাদের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, রাজ্যের মোট ৭ কোটি ৬৬ লক্ষ ৮৬ হাজার ৬৫৮ জন ভোটারের মধ্যে ৭ কোটি ৬ লক্ষ ৯৮ হাজার ৬৪৯ জনের ফর্ম ইতমধ্যেই ডিজিটাইজ করা হয়েছে। সব মিলিয়ে রাজ্যের প্রায় ৯৯.৯/ ৯ শতাংশ ভোটারের তথ্য কমিশনের হাতে পৌঁছে গিয়েছে।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ ,কেরালা সহ ৮ টি রাজ্যের জন্য বিশেষ রোল অবজারভার নিয়োগ করেছে। কমিশন জানিয়েছে ইতোমধ্যেই বিশেষ রোল অবজারভাররা কাজ শুরু করেছেন। ২০২৬ এর ফেব্রুয়ারিতে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের আগে পর্যন্ত ,সপ্তাহে দুদিন করে এই রাজ্যগুলিতে তারা যাবেন বলে জানানো হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে এই বিশেষ পর্যবেক্ষকরা জাতীয় এবং রাজ্যভিত্তিক রাজনৈতিক দলগুলির রাজ্য এবং জেলা স্তরের নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করবেন। সম্পূর্ণ প্রক্রিয়াটি যাতে স্বচ্ছ এবং সঠিকভাবে হয় তার জন্য পর্যবেক্ষকরা রাজ্যের সিইও এবং ডিইওদের সঙ্গে ভার্চুয়ালি অথবা সামনাসামনি বৈঠক করবেন। ভোটার তালিকায় যাতে কোনো যোগ্য ভোটার বাদ না যান এবং কোন অযোগ্য ভোটারদের নাম যাতে তালিকায় না আসতে পারে,তা দেখাই বিশেষ রোল অবজারভারদের কাজ।

*************************************************************************

নোবেল শান্তি পুরস্কার বিজয়ী নার্গিস মহম্মদীকে ইরান গ্রেফতার করেছে। নার্গিস মহম্মদীর প্যারিস ভিত্তিক ফাউন্ডেশন জানিয়েছে, মানবাধিকার আইনজীবি খুসরু আলিকর্দির স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে তাঁকে গ্রেফতার করা হয়। আলিকর্দিকে বিতর্কিত পরিস্হিতিতে সম্প্রতি মৃত অবস্হায় পাওয়া যায়। ইরানের অন্যতম বিখ্যাত মানবাধিকার কর্মী নার্গিস মহম্মদী ২০২৩ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

*************************************************************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, এক সপ্তাহের রক্তক্ষয়ী সংঘর্ষের পর থাইল্যান্ড ও কম্বোডিয়ার নেতারা তাদের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি পুনরায় কার্যকর করতে রাজী হয়েছে। দুই দেশের মধ্যে ওই সংঘর্ষে কমপক্ষে ২০ জন প্রাণ হারিয়েছেন। গৃহহারা প্রায় ৫ লক্ষ মানুষ। প্রেসিডেন্ট ট্রাম্প, সামাজিক মাধ্যমের এক বার্তায় যুদ্ধবিরতির জন্য নিজের কৃতিত্ব দাবী করেছেন। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনওয়ার ইব্রাহিমও এতে সহায়তা করেছেন বলে তাঁর দাবী। ট্রাম্প বলেন, থাইল্যান্ডের প্রধানমন্ত্রী অনুতিন চার্নাভিরাকুল এবং কম্বোডিইয়ার প্রধানমন্ত্রী হুন মানেত দুই নেতাই যুদ্ধ বিরতির পাশাপাশি গত অক্টোবরে মালয়েশিয়ার কুয়ালালামপুরে স্বাক্ষরিত হওয়া শান্তি চুক্তি মেনে চলতে সহমত হয়েছেন।

******************************************************************

ইউরোপীয় ইউনিয়ন অনির্দিষ্টকালের জন্য ইউরোপে থাকা রাশিয়ার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। যাতে মস্কোর মিত্র দেশ হাঙ্গেরি ও স্লোভাকিয়া সরকার ইউক্রেনের বিরুদ্ধে লড়াইয়ে কোটি কোটি ইউরো ব্যবহার করতে না পরে। রাশিয়া ইউক্রেনের সঙ্গে সম্পূর্ণ যুদ্ধ বন্ধ না করা পর্যন্ত এই বিশেষ অর্থনৈতিক নিষেধাজ্ঞা বলবৎ করার পদ্ধতিকে কাজে লাগানো হয়েছে। আগামী সপ্তাহে ইউরোপীয় ইউনিয়নের শীর্ষ বৈঠকে নেতৃবৃন্দ এবিষয়ে আরও আলোচনা করবেন। ১৮-ই ডিসেম্বর ইউরোপীয় ইউনিয়নের এই শিখর বৈঠকে ই ইউ পরিষদের প্রেসিডেন্ট অ্যান্তনীয় কোস্টার সভাপতিত্ব করবেন। প্রায় ২১০ বিলিয়ান ইউরো ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা আনা হয়েছে।

******************************************************************

কেনিয়ার নাইরোবিতে গতকাল রাষ্ট্রসংঘের পরিবেশ সভার সপ্তম অধিবেশনে দাবানল এড়াতে বিশ্বমানের ব্যবস্থাপনা সুদৃঢ় করতে ভারত তার সমাধান নীতি পেশ করেছে। বিশ্ব জুড়ে দাবানলের সমস্যা সমাধান করতে ভারতের সমাধান রাষ্ট্রসংঘের সদস্যদেশগুলোর পক্ষ থেকে সমর্থন পাওয়া গেছে। পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের পক্ষ থেকে একটি বিবৃতিতে জানানো হয়েছে, বিশ্বে পরিবেশের জন্য অন্যতম সমস্যা এই দাবানল। আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে এই সমস্যা সমাধানের রাস্তা বের করা সম্ভব হবে। রাষ্ট্রসভার পরিবেশ কর্মসূচীর গ্লোবাল রিপোর্টে বলা হয়েছে, দাবানলের ঘটনা ২০৩০ সালের মধ্যে ১৪ শতাংশ বৃদ্ধি পাবে। ২০৫০ সালে তা ৩০ শতাংশে ও ২১০০ সালে ৫০ শতাংশে পৌঁছবে।

******************************************************************

বিশ্ব ফুটবলের মহা তারকা লিয়নেল মেসি কলকাতা সফরকে কেন্দ্র করে যুব ভারতী ক্রীড়াঙ্গাণে আজ উত্তেজনাময় পরিস্হিতি সৃষ্টি হয়। কাণায় কাণায় দর্শকাসন ভরা যুব ভারতী স্টেডিয়ামে মেসি কিছু সময়ের জন্য আসেন। বিশিষ্ট ব্যক্তিরা তাঁর সঙ্গে ছবিও তোলেন। কিন্তু টিকিট কেটে মাঠে আসা সাধারণ দর্শকরা মেসিকে ভালোভাবে দেখতে না পেয়ে উত্তেজিত হয়ে ওঠেন।

( মেসি মেসি)

ক্ষোভের বহিঃপ্রকাশ হিসেবে গ্যালারি থেকে অসংখ্য জলের বোতল মাঠে ছোঁড়া হয়। নির্ধারিত সময়ের আগেই মেসি যুব ভারতী ক্রীড়াঙ্গণ ছেড়ে যাওয়ার পর ক্ষুদ্ধ দর্শকরা মাঠের দখল নেয়। মেসি গোটা মাঠ পরিক্রমার কথা থাকলেও তা করতে পারেননি। মেসিকে ঘিরে বেশকিছু লোকের ভীড় থাকায় সাধারণ দর্শকরা তাঁকে দেখতে পাননি। একারণে এই উত্তেজনা বলে জানা গেছে। পরে পুলিশ দিয়ে মাঠ খালি করতে হয়।

*****************************************************************

স্কোয়াশ বিশ্বকাপের সেমিফাইনালে আজ চেন্নাইয়ে ভারত মিশরের মুখোমুখি হবে। অন্য সেমিফাইনানে টুর্নামেন্টের শীর্ষ বাছাই হংকং খেলবে জাপানের বিরুদ্ধে। কোয়ার্টার ফাইনালে দক্ষিণ আফ্রিকাকে ৩-০ এ হারিয়ে ভারত সেমিফাইনালে পৌঁছেছে ভারত। অন্যদিকে মিশরপরাজিত করেছে অস্ট্রেলিয়াকে। ভারত এই নিয়ে দ্বিতীয় বারের জন্য স্কোয়াশ বিশ্বকাপের সেমিফাইনালে উঠল।

*****************************************************************